



মিশর: কায়রো বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে সুধীর একাংশ।



মিশর: ক্রেস্ট হাতে ড. সুলতানা নাহার।

## বাঙালি বিজ্ঞানী ড. সুলতানার একাধিক স্বীকৃতি লাভ

(শেষের পাতার পর)

ডঃ সুলতানা নাহার গত এপ্রিল এবং মে মাসে চারটি আন্তর্জাতিক পুরস্কার লাভ করেন। এছাড়াও অতি দ্রুতগতির লেজার প্রযুক্তি ও তার ব্যবহার সম্পর্কিত তৃতীয় আন্তর্জাতিক সম্মেলনে তিনি ছিলেন মূল বক্তা। মিশরে অনুষ্ঠিত এ সম্মেলনে বিভিন্ন দেশের বৈজ্ঞানিকগণ তাঁদের গবেষণা কর্ম তুলে ধরেন। এ সম্মেলনে আমন্ত্রিত বিজ্ঞানী হিসেবে ডঃ নাহারকে শিল্ড অব ইউএফএলটিএ দিয়ে সম্মান জানানো হয়। এছাড়াও মিশরে অবস্থানকালে অপর এক অনাড়ম্বর অনুষ্ঠানে

ডঃ নাহার ওহাইও বিশ্ববিদ্যালয় ও কায়রো বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তার ভাইস প্রেসিডেন্ট ডঃ ইসমাৎ এক চুক্তিপত্রে স্বাক্ষর করেন, যার মাধ্যমে এ দুই শিক্ষা প্রতিষ্ঠানের কলা, বিজ্ঞান ও প্রকৌশল বিষয়ে যৌক্তিক গবেষণা বিষয়ে যৌথ প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানের দ্বার উন্মোচিত হলো। এ চুক্তির প্রক্রিয়া সম্পন্ন করতে দু-বছর সময় অতিবাহিত হয় কো-অর্ডিনেটর ডঃ নাহারের। এই ঘটনা কায়রো বিশ্ববিদ্যালয় কর্তৃক রেকর্ড হয় ও তা পরবর্তিতে বিভিন্ন পত্র-পত্রিকা ও ওয়েবসাইট মাধ্যমে প্রকাশিত হয়। এছাড়াও কায়রো বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও স্নাতকোত্তর বিভাগের ভাইস

প্রেসিডেন্ট এবং একই শিক্ষা প্রতিষ্ঠানের সার্জারি অফ লিভার ও ডাইজেস্টিভ সিস্টেমের চেয়ারপার্সন ডঃ নাহারকে কর্মে কৃতকার্যতার স্বীকৃতি স্বরূপ কায়রো বিশ্ববিদ্যালয়ের সম্মাননা শিল্ড প্রদান করেন। পরবর্তিতে 'ট্রিপিকাল সোসাইটি অফ লেজার সায়েন্স' তাদের ২৫ বছর পূর্তিতে ১৪ জন কৃতি বিজ্ঞানীকে পদক দিয়ে সম্মানিত করেন। এর মধ্যে ডঃ নাহারও একজন। উল্লেখ্য যে, ইতিপূর্বে ক্যালিফোর্নিয়া ইসটিটিউট অব টেকনোলজির প্রফেসর, নোবেল পুরস্কার বিজয়ী আহমেদ জুয়েল এ পদক লাভ করেন। পুরস্কার প্রদান অনুষ্ঠান ও ডঃ নাহারের

সাক্ষাতকার মিশরের জাতীয় টেলিভিশন 'নাইল' এর কালচারাল চ্যানেল মারফত প্রচার করা হয়। এছাড়াও ওহাইও স্টেট বিশ্ববিদ্যালয়ের ডেনমেন আন্ডার-গ্রাজুয়েট রিসার্চ ফোরাম কর্তৃক প্রতি বছর স্নাতক শ্রেণীর ছাত্র-ছাত্রীগণ গবেষণা কর্মে কৃতকার্যতার জন্যে পুরস্কৃত হয়ে থাকেন। এ বছর ৬০০-র বেশী প্রতিযোগীর মধ্য থেকে চূড়ান্ত বাছাই এর মাধ্যমে পুরস্কৃত করা হয় ৪০ জন ছাত্র-ছাত্রীকে ও ৭ জন গবেষণা উপদেষ্টাকে, যার মধ্যে একজন ছিলেন ডঃ সুলতানা নাহার। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংবাদ মাধ্যমে এ খবর প্রকাশিত হয়।

### ড্রিম এ্যাক্টের ফরম দক্ষ আইনজীবী দিয়ে পূরণ করা উচিত

(শেষের পাতার পর)

আগামী ১৫ আগস্ট থেকে এই আবেদন গ্রহণ করতে যাচ্ছে। গত ৩ আগস্ট শুক্রবার ওবামা প্রশাসন এই ঘোষণা দিয়েছে। প্রেসিডেন্ট ওবামার এই ঘোষণা এবং অবৈধভাবে যারা আমেরিকায় ১৬ বছর বয়সের পর্বে এসেছেন তাদের বৈধকরণের বিশেষ এ্যাক্ট

যোগ্য বলে বিবেচিত হবে। আবেদনকারীকে প্রথমে দুই বছরের ওয়ার্কপারমিট দেয়া হবে এবং দুই বছর শেষে আবারো দুই বছরের ওয়ার্কপারমিট দেয়া হবে। ওয়ার্ক পারমিটের মধ্যে তারা বৈধভাবে কাজ করতে পারবেন এবং বৈধ হবার একটি প্রক্রিয়ার মধ্যে পড়ে যাবেন। চার বছর পর কী হবে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, যারা কোন ক্রাইম করবে না এবং নিয়মিত ট্যাক্স ফাইল করবে, তাদেরকে তো আর তাদের দেশে পাঠিয়ে দেয়া সম্ভব না। কোন না কোনভাবে তাদের জন্য সরকার অবশ্যই পথ বের করবে। এটি কি কোন এ্যামানিস্টি- এমন প্রশ্নের

জবাব ওসমান বলেন, আমি ১২ বছর যাবত এ পেশায় নিয়োজিত রয়েছি। আমার ক্লায়েন্টদের মধ্যে বেশিরভাগ ক্লায়েন্ট হচ্ছেন পাকিস্তানী এবং বাংলাদেশী। গুজরাটি এবং সিং সহ অন্যান্য কমিউনিটিরও ক্লায়েন্ট রয়েছে। আবেদন পত্রের শেষ সময় কখন- এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, দেয়ার ইজ নো ডেট লাইন। আবেদন পত্র গ্রহণ করা হবে ১৫ আগস্ট থেকে এবং তা কতদিন পর্যন্ত গ্রহণ করা হবে তা বলা হয়নি। তিনি আরো বলেন, যারা ওয়ার্ক পারমিট পাবেন তারা ড্রাইভিং লাইসেন্স করতে পারবেন সোসাল সিকিউরিটি নম্বর পাবেন স্কল-

